বেসরকারি কলেজের নোটিশ ঘিরে বিতর্ক

কলেজের ফেসবুক পেজে যুবতীদের ছবি

রাহুল মজুমদার • শিলিগুড়ি

১৫ সেপ্টেম্বর : ভর্তি প্রক্রিয়া নিয়ে বিতর্ক চলাকালীনই ফের নতুন বিতর্কের মুখে শিলিগুড়ি কলেজ। কলেজের নিজস্ব ওয়েবসাইটে দেওয়া ফেসবুক পেজে বেসরকারি কলেজের নোটিশ ঘিরে বিতর্ক দেখা দিয়েছে। শুধু তাই নয়, ওই ফেসবুক পেজে কলেজের অফিশিয়াল তথ্য দেওয়ার বদলে বিভিন্ন যুবতীর ছবি পোস্ট করা হচ্ছে। ওই পেজে যে মোবাইল নম্বর দেওয়া রয়েছে সেটিও ভুয়ো। অপরদিকে, একই নামে ফেসবুকে আরও একটি পেজ তৈরি করা হয়েছে। কলেজের নামে সেই পেজ চালাচ্ছে তৃণমূল ছাত্র পরিষদ (টিএমসিপি)। সেই পেজে কলেজের ভর্তি সংক্রান্ত এবং তাঁর বাইরে কলেজের সমস্ত সিদ্ধান্ত আপলোড করা হচ্ছে। সমস্ত পোস্টের শেষে লেখা থাকছে শিলিগুড়ি কলেজ তৃণমূল ছাত্র পরিষদ। পাশাপাশি পেজে কলেজের ওয়েবসাইট এবং ল্যান্ডলাইন নম্বরও দেওয়া হয়েছে। গোটা বিষয়টি নিয়ে শিক্ষা মহলে বিতর্ক দেখা দিয়েছে। একের পর এক বিতর্কের পরেও কেন কর্তৃপক্ষ এই সমস্ত বিষয়ে নজর দিচ্ছে না তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। দার্জিলিং জেলা তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি নির্ণয় সরকার বলেন, 'আমার জানা নেই, খোঁজ নিয়ে দেখছি।'

শিলিগুড়ি কলেজের ভর্তি প্রক্রিয়া নিয়ে দীর্ঘদিন ধরেই বিতর্ক চলছে। কলেজের ওয়েবসাইটের বদলে আসন সংরক্ষণের তালিকা কলেজ পরিচালন সমিতির সভাপতি জয়ন্ত কর এবং টিএমসিপির সমর্থকদের ব্যক্তিগত ফেসবুক পেজে ঘোরাফেরা করতে দেখা যায়। এবার একধাপ এগিয়ে কলেজের নামে আস্ত একটা পেজ তৈরি করেই নিজেদের প্রচার করছে টিএমসিপি। ওই পেজে কলেজের ভর্তি প্রক্রিয়া থেকে শুরু করে কলেজের সমস্তরকম নোটিশও পোস্ট করা হচ্ছে। প্রতিটি ছবি, নোটিশ এবং পোস্টের নীচে লেখা থাকছে টিএমসিপি। প্রচুর ছাত্রছাত্রী কলেজের নিজস্ব পেজ মনে করে ওই পেজ লাইক করে সেখানে বিভিন্ন তথ্য জানতেও চাইছেন। ওই পেজের লাইক রয়েছে প্রায় ১৬ হাজার। সেখানে কলেজের ওয়েবসাইটে দেওয়া ফেসবুক পেজের লাইক মাত্র ৩,৪৬২। চলতি বছরের ২২ জুলাই কলেজের নিজস্ব পেজে শেষ ভর্তি সংক্রান্ত পোস্ট হয়েছিল। তবে সেই পোস্ট ছিল একটি বেসরকারি কলেজের ভর্তির নোটিশ। কলেজের অফিশিয়াল পেজের এই হাল নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। আদৌ কি এই পেজ কলেজ কর্তৃপক্ষ দেখাশোনা করে? যদি করে তবে এই অবস্থা কেন? আর যদি কলেজের নামে ভুয়ো অ্যাকাউন্ট তৈরি করা হয়ে থাকে তবে তা নিয়ে পুলিশে কেন অভিযোগ দায়ের হয়নি? দার্জিলিং জেলা এসএফআইয়ের সম্পাদক শংকর মজুমদার বলেন, 'তৃণমূল ছাত্র পরিষদ দীর্ঘদিন ধরে এসব করে আসছে। কলেজের ওয়েবসাইটের বদলে টিএমসিপির ফেসবুক পেজে কলেজের সমস্ত তথ্য, অফিশিয়াল চিঠি আপলোড হচ্ছে। এর বিরুদ্ধে আমরা সাইবার ক্রাইম থানায় এবং বিশ্ববিদ্যালয়ে অভিযোগ জানাব।' শিলিগুড়ি কলেজের অধ্যক্ষ ডঃ সুজিত ঘোষ বলেন, 'কলেজের তো কোনো ফেসবুক পেজ নেই। আমি এবিষয়ে খোঁজ নিচ্ছি।'

Please visit the college website: www.sjcdarjeeling.edu.in to fill in the online Applications for admission to Undergraduate Courses in St Joseph's College, Darjeeling for the Academic Session 2020-2021.

On line Applications for admission will be available form 10/08/2020.

Date: 22-07-2020

Principal

> কলেজের তো কোনও ফেসবুক পেজ নেই। আমি এ বিষয়ে খোঁজ নিচ্ছি।
>
> –ডঃ সুজিত ঘোষ
> *অধ্যক্ষ, শিলিগুড়ি কলেজ*

ফ্ল্যাট নির্মাণ নিয়ে মামলা খারিজ

জলপাইগুড়ি, ১৫ সেপ্টেম্বর : জলপাইগুড়ি মিলন সংঘ ময়দান সংলগ্ন এলাকায় সোনাউল্লা ওয়াকফ বোর্ডের জমিতে ফ্ল্যাট নির্মাণের অভিযোগকে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টে দায়ের করা মামলা মঙ্গলবার হাইকোর্ট খারিজ করে দিয়েছে। নির্মীয়মাণ ফ্ল্যাটের কাজ বন্ধ রাখার জেলা শাসকের নির্দেশ বহাল থাকবে। এই বিষয়ে অভিযোগকারীকে ওয়াকফ ট্রাইবিউনালে মামলা করবার নির্দেশ দিয়েছে হাইকোর্ট। এদিকে, জলপাইগুড়ি শহরের শিল্পসমিতিপাড়াতেও সোনাউল্লা ওয়াকফ বোর্ডের জমিতে ফ্ল্যাট নির্মাণ করার বিষয়ে আরেকটি গুরুতর অভিযোগ ওয়াকফ বোর্ডে জমা পড়েছে।

ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান আবদুল গণি বলেন, 'সোনাউল্লা ওয়াকফের জমিতে ফ্ল্যাট নির্মাণ করতে দেওয়া হবে না। অভিযোগ খতিয়ে দেখে পদক্ষেপ গ্রহণের জন্য জলপাইগুড়ি জেলা প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে।' সরকারি আইনজীবী গৌতম দাস বলেন, 'রাজ্যের অ্যাডভোকেট জেনারেলের অফিস থেকে জলপাইগুড়ি জেলা প্রশাসনের কাছে মিলন সংঘ সংলগ্ন জমির বিষয়ে তথ্য জানতে চাওয়া হয়েছিল। জেলা প্রশাসনের তরফে তাঁর কাছে প্রয়োজনীয় তথ্য দেওয়ার জন্য বলা হয়েছিল। সমস্ত তথ্য পাঠানো হয়েছে। মঙ্গলবার হাইকোর্ট এই মামলাটি খারিজ করে ওয়াকফ ট্রাইবিউনালে মামলা করবার নির্দেশ দিয়েছে।

সোনাউল্লা ওয়াকফ বোর্ডের প্রতিনিধি লুৎফর রহমান ওয়াকফ বোর্ডের কাছে অভিযোগ দায়ের করেছেন। অভিযোগে বলা হয়েছে, সোনাউল্লা ওয়াকফ বোর্ডের জমিতে বেআইনিভাবে বহুতল ফ্ল্যাট নির্মাণ করা হচ্ছে। ওয়াকফ বোর্ডের তরফে বিষয়টি তদন্ত করার জন্য জলপাইগুড়ি জেলা শাসককে নির্দেশ দেওয়া হয়। জেলা শাসক পুলিশ সুপারকে ফ্ল্যাট তৈরি বন্ধের জন্য ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশ দেন। এর পরিপ্রেক্ষিতে কলকাতা হাইকোর্টে প্রোমোটারদের তরফে বিশ্বজিৎ মিত্র মামলা দায়ের করেন। মঙ্গলবার কলকাতা হাইকোর্টে বিচারপতি রাজশেখর মান্তা'র কোর্টে মামলাটির শুনানি হয়। বিচারপতি রায় দিয়েছেন, এব্যাপারে কলকাতা হাইকোর্টে মামলা করা যাবে না। মামলা ওয়াকফ ট্রাইবিউনালে করতে হবে।

সোনাউল্লা ওয়াকফ বোর্ডের প্রতিনিধি লুৎফর রহমান মঙ্গলবার আরও অভিযোগ করেছেন, শিল্পসমিতিপাড়াতেও সোনাউল্লা ওয়াকফ বোর্ডের জমিতে বেআইনিভাবে একটি বহুতল ফ্ল্যাট নির্মাণ করা হচ্ছে। কাজ বন্ধ রাখার নির্দিষ্ট নির্দেশ থাকা সত্ত্বেও শিল্পসমিতিপাড়ায় ফ্ল্যাট নির্মাণ হচ্ছে।

ঋণ মকুবের দাবিতে ডেপুটেশন

শিলিগুড়ি, ১৫ সেপ্টেম্বর : রাজ্যের প্রায় ১০ লক্ষ স্বনির্ভর গোষ্ঠীর নেওয়া ঋণে রাজ্য সরকারের তরফে সম্পূর্ণ সুদে ভরতুকির ব্যবস্থা এবং ঋণমুক্তির জন্য 'বিশেষ সহায়তা প্রকল্প' ঘোষণার দাবি সহ মোট চার দফা দাবিতে সারা ভারত কৃষি ও গ্রামীণ মজুর সমিতি পরিচালিত দার্জিলিং জেলা ঋণ মুক্তি কমিটির উদ্যোগে মুখ্যমন্ত্রী ও প্রধানমন্ত্রীর উদ্দেশ্যে ডেপুটেশন দেওয়া হল। এদিন শিলিগুড়ি মহকুমা শাসক অফিসের মাধ্যমে ডেপুটেশন পাঠানো হয়। এদিন একটি মিছিলের মাধ্যমে শিলিগুড়ি মহকুমা শাসকের অফিসে গিয়ে ডেপুটেশন দেওয়া হয়। সংগঠনের আহ্বায়ক পবিত্রমোহন সিং বলেন, 'আমরা কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের কাছে দাবি করছি সাধারণ ঋণ গ্রহীতাদের ঋণ মকুব করতে হবে এবং আগামী ৩১ মার্চ পর্যন্ত যে সমস্ত মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন তাঁদের কিস্তি নেওয়া বন্ধ করতে হবে। আমরা শিলিগুড়ির মহকুমা শাসকের মাধ্যমে মুখ্যমন্ত্রী ও প্রধানমন্ত্রীর কাছে ডেপুটেশন পাঠিয়ে আবেদন করছি। তবে সে আবেদনে সাড়া না মিললে আমরা আন্দোলনে যেতে বাধ্য হব।'

চুরির অভিযোগে ধৃত এক

শিলিগুড়ি, ১৫ সেপ্টেম্বর : দক্ষিণ শান্তিনগর জাবরাভিটা প্রাইমারি স্কুলের তালা ভেঙে মিড-ডে মিল রান্নার গ্যাস সিলিন্ডার ও চাল চুরির ঘটনায় এক ব্যক্তিকে নিউ জলপাইগুড়ি থানার পুলিশ গ্রেপ্তার করল। ধৃত ব্যক্তির নাম গোবিন্দ মাহাতো। সোমবার স্কুলের তরফে চুরির বিষয়টি নিয়ে থানায় অভিযোগ দায়ের করা হয়। তদন্তে নেমে এনজেপি থানার সাদা পোশাকের পুলিশ ওই ব্যক্তিকে আটক করে। তার কাছ থেকে চুরি যাওয়া গ্যাস সিলিন্ডার উদ্ধার হয়েছে। ধৃতকে মঙ্গলবার জলপাইগুড়ি আদালতে তোলা হয়।

জন্মজয়ন্তী

ধূপগুড়ি, ১৫ সেপ্টেম্বর : মঙ্গলবার ধূপগুড়ি পুরসভার উদ্যোগে কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ১৪৫তম জন্মদিবস উদযাপন করা হয়। এদিন সকালে পুরসভার তরফে শহরের মিলনি মোড়ে কথাশিল্পীর মূর্তিতে পুষ্পস্তবক দিয়ে শ্রদ্ধা জানানো হয়। সেখানে উপ পুরপ্রধান রাজেশকুমার সিং, কাউন্সিলার ববিতা রায় সহ অন্যরা উপস্থিত ছিলেন। এদিন প্রবল বৃষ্টির মধ্যেই এই কর্মসূচি হয়। পুরসভার তরফে জানানো হয়েছে, করোনা পরিস্থিতির জেরে এ বছর ছাত্রছাত্রীদের নিয়ে অনুষ্ঠান আয়োজন করা হয়নি। তার বদলে সাহিত্যিককে শ্রদ্ধাজ্ঞাপন এবং তাঁর সৃষ্টি ও জীবনী নিয়ে আলোচনার মাধ্যমেই তাঁকে জন্মদিনে শ্রদ্ধা জানানো হয়েছে।

বিক্ষোভ মিছিল

জলপাইগুড়ি, ১৫ সেপ্টেম্বর : মঙ্গলবার জলপাইগুড়িতে বাম ছাত্র ও যুব সংগঠনের উদ্যোগে সকলের জন্য কাজ এবং শিক্ষার দাবি জানিয়ে বিক্ষোভ মিছিল করা হয়। গণতান্ত্রিক যুব ফেডারেশনের জলপাইগুড়ি জেলা সম্পাদক প্রদীপ দে এবং এসএফআইয়ের জেলা সম্পাদক প্রভাকর সরকার মিছিলের নেতৃত্ব দেন। মিছিলের শেষে প্রদীপ দে জানান, তাঁরা জাতীয় শিক্ষানীতি বাতিলের দাবিতে আন্দোলন করে যাবেন। প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতির মাধ্যমে শিক্ষার প্রসার ঘটার পরিবর্তে শিক্ষার বাণিজ্যিকীকরণ হবে। রাজ্য এবং কেন্দ্রীয় দপ্তরগুলিতে অবিলম্বে শূন্যপদে কর্মী নিয়োগের দাবিও জানানো হয়েছে।

এক দম্পতির ১৫টি ফ্রেন্ডশিপ ক্লাব চলছে ড্রাগ কারবারও

শিলিগুড়ি, ১৫ সেপ্টেম্বর : ফ্রেন্ডশিপ ক্লাব, মধুচক্র থেকে একধাপ এগিয়ে ড্রাগের ব্যবসায় সিদ্ধহস্ত দম্পতিরই শিলিগুড়িতে প্রায় ১৫টি ফ্রেন্ডশিপ ক্লাব রয়েছে। সূত্রের খবর, এই দম্পতিই শহরে ফ্রেন্ডশিপ ক্লাবের কিংপিন। তাদের কথায় শহরের অধিকাংশ ফ্রেন্ডশিপ ক্লাব চলে। শহরে এই ক্লাবগুলির দুটি পৃথক সিন্ডিকেট রয়েছে। প্রতিটি সিন্ডিকেটের থেকে মিলিত অর্থ হেভিওয়েটদের পকেটে যাচ্ছে। ফলে ফ্রেন্ডশিপ ক্লাব নিয়ে প্রশাসনের উচ্চবাচ্য নেই। এই সুযোগে কর ফাঁকি দিয়ে রমরমা ব্যবসা চলছে। সূত্রের খবর, এর আগে শহরের যে যে ফ্রেন্ডশিপ ক্লাবে পুলিশের অভিযান হয়েছে সেখানকার একটি ক্লাবে ওই দম্পতির শেয়ার রয়েছে বলে জানা গিয়েছে।

শিলিগুড়ির নীলনলিনী বিদ্যামন্দিরের কাছে একটি আবাসনে ওই দম্পতি থাকে। এছাড়াও তাদের সংহতি মোড়, খেলাঘর মোড় এবং প্রধাননগর এলাকায় আস্তানা রয়েছে। ফ্রেন্ডশিপ ক্লাব চালানোর পাশাপাশি নেশার কারবারেও ওই দম্পতি সিদ্ধহস্ত। তবে ড্রাগ কারবারিদের সঙ্গে ওই ব্যক্তির ভালো যোগাযোগ রয়েছে। মূলত তার অঙ্গুলিহেলনেই শহরে ব্রাউন সুগারের মতো ড্রাগ পাচারের কারবার চলছে। ওই ব্যক্তি নিজের স্ত্রীর নামে সমস্ত ব্যবসা চালাচ্ছে। ওই ব্যক্তির স্ত্রী ফ্রেন্ডশিপ ক্লাবের পুরো ব্যবসার দেখাশোনার দায়িত্বে রয়েছে। কোথাও কারও সঙ্গে ডিল বা রফা করতে গেলে ওই মহিলা এগিয়ে আসে। পুলিশের একটা সূত্র জানাচ্ছে, ওই মহিলার স্বামীর বিরুদ্ধে থানায় অভিযোগও রয়েছে। পানিট্যাঙ্কি ফাঁড়ি এলাকায় তাদের বেশ কিছু বেআইনি ফ্রেন্ডশিপ ক্লাব রয়েছে। সূত্রের খবর, শহরের সবচেয়ে বড় ফ্রেন্ডশিপ ক্লাব রয়েছে ওই দম্পতির। সিন্ডিকেটের মাথা ওই দম্পতির তত্ত্বাবধানে শহরের বড় ধরনের ফ্রেন্ডশিপ ক্লাবগুলি চলে। এর বাইরে আশ্রমপাড়ায় ওই ব্যক্তির বোনেরও ফ্রেন্ডশিপ ক্লাব রয়েছে। ওই চত্বরে পাড়ায় পাড়ায় নিজেদের ভুয়ো কলসেন্টার, ফ্রেন্ডশিপ ক্লাব চালাচ্ছে দম্পতি। এর বাইরে ছোট ছোট ক্লাবগুলিকে নিয়ে একটি পৃথক সিন্ডিকেট রয়েছে। কোনও রকম বাধা ছাড়া ব্যবসা চালাতে সেই সিন্ডিকেটের থেকেও আবার ছোট ছোট অঙ্কের টাকা একত্রিত করে শহরের বিভিন্ন মহলে পাঠানো হচ্ছে। ফলে জেনেও কেউ কোনও রকম ব্যবস্থা নিচ্ছে না। এই দম্পতি ছাড়া বাকি যারা রয়েছে তাদের প্রত্যেকের দুই থেকে তিনটি করে ফ্রেন্ডশিপ ক্লাব রয়েছে। শিলিগুড়ির লেকটাউন এলাকায় এক ফ্রেন্ডশিপ ক্লাবের মালিকের বাড়ি রয়েছে। সূত্রের খবর, ফ্রেন্ডশিপ ক্লাব চালানোর জন্যে শহরে তার তিনটি বাড়িভাড়া নেওয়া রয়েছে। সে নিজেও ভাড়াবাড়িতে থাকে। ফ্রেন্ডশিপ ক্লাবের পাশাপাশি তার গাড়িরও ব্যবসা রয়েছে। এই ব্যক্তির বিরুদ্ধেও থানায় অভিযোগ রয়েছে বলে জানা গিয়েছে। ইতিমধ্যে গোটা বিষয়টি নিয়ে শহরজুড়ে ব্যাপক প্রতিক্রিয়া তৈরি হয়েছে। বিভিন্ন মহল থেকে ফ্রেন্ডশিপ ক্লাবগুলির বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ করার দাবি উঠেছে। তবে বিষয়টি নিয়ে এদিনও শিলিগুড়ির মহকুমা শাসকের কোনও বক্তব্য পাওয়া যায়নি। তিনি এসএমএসেরও জবাব দেননি। শিলিগুড়ির ডিসি (জোন–২) কুঁয়রভূষণ সিং বলেছেন, 'বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হবে।'

কিংপিন দম্পতি

- এক দম্পতির শিলিগুড়িতে প্রায় ১৫টি ফ্রেন্ডশিপ ক্লাব রয়েছে
- শহরে এই ক্লাবগুলির দুটি পৃথক সিন্ডিকেট রয়েছে
- ফ্রেন্ডশিপ ক্লাব চালানোর পাশাপাশি নেশার কারবারেও ওই দম্পতি সিদ্ধহস্ত

বৃষ্টিতে কপালে চিন্তার ভাঁজ

শিলিগুড়ি, ১৫ সেপ্টেম্বর : মহালয়ার দিনটি কি বৃষ্টিতে ভাসবে? এই প্রশ্নের উত্তর খুঁজছে উত্তরবঙ্গ। তবে, এই প্রশ্নের উত্তরে মন খারাপের বার্তা দিচ্ছে হাওয়া অফিস। আবহওয়া দপ্তরের পূর্বাভাস, আগামী ৪৮ ঘণ্টায় বর্তমান পরিস্থিতির তেমন কোনও পরিবর্তন হচ্ছে না। এ বিষয়ে কেন্দ্রীয় আবহওয়া দপ্তরের সিকিমের অধিকর্তা গোপীনাথ রাহা বলেন, 'মহালয়ার সকালে উত্তরবঙ্গজুড়ে বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। সর্বত্রই মেঘলা আকাশ থাকবে। বঙ্গোপসাগর থেকে জলীয় বাষ্পপূর্ণ দক্ষিণি বায়ুর সঙ্গে পশ্চিমি বায়ুর মিলন ঘটে বাতাসে অস্থিরতা তৈরি হওয়ার ফলে এই বৃষ্টিপাত হচ্ছে। তবে দু'দিন পর এই বৃষ্টিপাত কমে যাবে।'

এবছর মহালয়া ও বিশ্বকর্মাপুজো দুটোই একই দিনে পড়েছে। কিন্তু আকাশের মুখ ভার হওয়ায় মন খারাপ সবার। পঞ্জিকায় এবারের আশ্বিন মাসকে মলমাস বলা হয়েছে। মলমাসে কোনও শুভ কাজ হয় না। সেজন্য দুর্গাপুজো হবে কার্তিক মাসে। তাই মহালয়ার পর এক মাসের ওপর দুর্গাপুজোর জন্য সবাইকে অপেক্ষা করতে হবে। অপরদিকে, করোনার জেরে গত বছরের তুলনায় এবার অনেক কমসংখ্যক বিশ্বকর্মা প্রতিমা তৈরি করেছেন মৃৎশিল্পীরা। বড় প্রতিমাও তৈরির বায়না না মেলায় সেভাবে মৃৎশিল্পীরা প্রতিমা তৈরি করেননি। কিন্তু টানা বৃষ্টির জেরে প্রতিমা বিক্রিতেও ভাটা পড়েছে। মৃৎশিল্পীরা প্রতিমা ঢেকে রাখতে বাধ্য হচ্ছেন। মঙ্গলবার শিলিগুড়ির বিভিন্ন জায়গায় এমন চিত্রই চোখে পড়েছে। এদিনও প্রায় সারাদিন শহরজুড়ে বৃষ্টিপাত হয়। মাঝরাত থেকে দুপুরবেলা পর্যন্ত প্রায় প্রত্যেক দিনই শহরে বৃষ্টি হচ্ছে। প্রতিমা গড়তে সমস্যায় পড়তে হচ্ছে মৃৎশিল্পীদের। বৃষ্টিতে সাধারণ মানুষের কপালেও চিন্তার ভাঁজ পড়েছে।

ছবি : সূত্রধর

মিছিল ও পথসভা

জলপাইগুড়ি ব্যুরো

১৫ সেপ্টেম্বর : মঙ্গলবার বিকেলে ময়নাগুড়িতে বাম ছাত্র ও যুব সংগঠনের উদ্যোগে মিছিল ও ট্রাফিক মোড়ে পথসভা করা হয়। এই সভা থেকে সকলের জন্য শিক্ষা এবং শিক্ষান্তে কাজের গ্যারান্টির দাবি জানানোর পাশাপাশি ময়নাগুড়িকে পুরসভায় উন্নীত করার দাবি জানানো হয়। মিছিলটি ময়নাগুড়ির বিভিন্ন পথ পরিক্রমা করে। পথসভায় বিপ্লবী যুব ফ্রন্টের জলপাইগুড়ি জেলা সম্পাদক বিশ্বজিৎ সরকার বলেন, 'জনসংখ্যা এবং গ্রাম পঞ্চায়েতের পরিষেবা প্রদানের কথা মাথায় রেখে ময়নাগুড়িকে দ্রুত পুরসভায় উন্নীত করা জরুরি। কিন্তু রাজ্যের শাসকদল মুখে সেকথা বললেও কাজ করবে না। একাধিকবার ঘোষণা করা হয়েছে। শাসকদলের মিছিল এবং আবির খেলা হয়েছে। কিন্তু বাস্তবে কোনও সুফল মেলেনি। আমরা ময়নাগুড়িকে পুরসভায় উন্নীত করার দাবিতে আন্দোলন চালিয়ে যাব।'

এদিকে, ধূপগুড়ি শহরে মিছিল ও পথসভা করল বিভিন্ন বামপন্থী ছাত্র ও যুব সংগঠন। মঙ্গলবার বিকেলে শহরের বৈরাতিগুড়ি হাইস্কুল মোড় থেকে একটি মিছিল শুরু হয় যা শহরের বিভিন্ন অংশ পরিক্রমা করে বি আর কমপ্লেক্স মোড়ে শেষ হয়। তার আগে এদিন ধূপগুড়ির বিডিওকেও পাঁচ দফা দাবিতে একটি দাবিপত্র দেওয়া হয়। ডিওয়াইএফআইয়ের জলপাইগুড়ি জেলা সভাপতি নুর আলম বলেন, 'পরিযায়ী শ্রমিকদের কাজের ব্যবস্থা করা, নতুন জাতীয় শিক্ষানীতি বাতিল সহ বিভিন্ন দাবিতে এবারের দাবি দিবস পালন করা হয়েছে।'

পড়ুয়াদের ফি মকুব সহ ১৩ দফা দাবিতে এসএফআই এবং ডিওয়াইএফআইয়ের উদ্যোগে মঙ্গলবার মাল শহরে মিছিল করে মহকুমা শাসকের কাছে স্মারকলিপি দেওয়া হল। মাল শহরের পাশাপাশি মাল ও মেটেলি ব্লকের নেতা–কর্মীরা কর্মসূচিতে শামিল ছিলেন।

বিক্ষোভ কর্মসূচি

শিলিগুড়ি, ১৫ সেপ্টেম্বর : মঙ্গলবার ১২ দফা দাবিতে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের নর্থবেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট এমপ্লয়িজ ইউনিয়নের উদ্যোগে বিক্ষোভ কর্মসূচি পালন করা হয়। সমস্ত কন্ট্রাকচুয়াল কর্মীর স্থায়ীকরণ, সংস্থার স্থায়ী কর্মীদের গ্রেডেশন অনুযায়ী সমস্ত ক্যাটিগোরিতে প্রোমোশন দেওয়ার মতো দাবি তোলা হয়। এদিন সংগঠনের তরফে মাল্লাগুড়ি ডিপো, তেনজিং নোরগে বাস টার্মিনাস ও মাটিগাড়া ডিভিশন অফিসে সকাল ১১টা থেকে বিকেল ৪টা পর্যন্ত অবস্থান বিক্ষোভ করা হয়। বিক্ষোভ শেষে সংগঠনের তরফে ডিপো আধিকারিক ও বিভাগীয় আধিকারিকের কাছে স্মারকলিপি দেওয়া হয়। এদিনের বিক্ষোভ কর্মসূচিতে উপস্থিত ছিলেন তুফান ভট্টাচার্য, সঞ্জীব রায়, নীলাদ্রি দে প্রমুখ।

প্রতিবাদ মিছিল

ধূপগুড়ি, ১৫ সেপ্টেম্বর : বিলগ্নিকরণের নামে কেন্দ্রীয় সরকার সব সরকারি সংস্থা বেসরকারি সংস্থার কাছে বিক্রি করে দিচ্ছে। এই অভিযোগে মঙ্গলবার সন্ধ্যায় এসইউসিআইয়ের ধূপগুড়ি লোকাল কমিটির নেতা–কর্মীরা শহরে প্রতিবাদ মিছিল করলেন। মিছিলটি শহরের নেতাজিপাড়ার দলীয় অফিস থেকে শুরু হয়ে শহর পরিক্রমা করে চৌপথি মোড়ে শেষ হয়। মিছিলে দলের ধূপগুড়ি লোকাল কমিটির নেতা নিরঞ্জন রায়, শ্রমিক নেতা সামসের আলি প্রমুখ উপস্থিত ছিলেন।

কাজ নেই শিল্পীদের

জলপাইগুড়ি, ১৫ সেপ্টেম্বর : প্রতি বছর বিশ্বকর্মাপুজোর মধ্য দিয়ে বাঙালির পুজোর মরশুম শুরু হয়ে যায়। কিন্তু জলপাইগুড়ি শহরের প্রতিমাশিল্পী, আলোকশিল্পী বা ডেকোরেটারদের জন্য এবার পরিস্থিতি সম্পূর্ণ উলটো। মৃৎশিল্পী সমিতি জলপাইগুড়ির সম্পাদক রতন পাল জানান, জলপাইগুড়ি শহর ও আশপাশে ৩০টি কারখানা আছে। সকলের একই অবস্থা। অন্য বছর বিশ্বকর্মা মূর্তির পাশাপাশি দুর্গা প্রতিমা তৈরির কাজ জুনের শেষ থেকেই শুরু হয়ে যায়। এবার করোনার জন্য জুনে প্রতিমা তৈরির কাজই শুরু করা যায়নি।

পুজোর মরশুমে কাজ নেই ডেকোরেটারদেরও। অনেক ডেকোরেটার সবজির ব্যবসা, ডিমের ব্যবসা করছেন। জলপাইগুড়ি জেলা ডেকোরেটার অ্যান্ড অর্ডার সাপ্লাই অ্যাসোসিয়েশনের সম্পাদক শংকর সিং বলেন, 'অন্য বছর পুজোর দু'মাস আগে থেকে কাজ শুরু হয়ে যায়। এবছর হাতে গোনা খুব কম বাজেটের কাজ আসছে। পরিস্থিতি খুব খারাপ।'

আলোকশিল্পীদের সংগঠন জলপাইগুড়ি ইলেক্ট্রিক অ্যাসোসিয়েশনের হিসাবরক্ষক শিবশংকর মিত্র বলেন, 'এখনও পর্যন্ত আমাদের সংগঠনের ৫০ জন সদস্যের কেউ সেভাবে কোনও অর্ডার পাননি। এ বছরের যা পরিস্থিতি তাতে যাঁরা আলোকসজ্জার কাজ করেন তাঁরা সকলেই বসে গিয়েছেন।'

পিস্তল সহ ধৃত ১

শিলিগুড়ি, ১৫ সেপ্টেম্বর : উত্তরবঙ্গ সংবাদের খবরের জেরে শিলিগুড়ি জলপাই মোড় এলাকায় অভিযান চালিয়ে ৯ এমএম পিস্তল সহ একজনকে গ্রেপ্তার করল শিলিগুড়ি থানার পুলিশ। মঙ্গলবার রাত সাড়ে আটটা নাগাদ শিলিগুড়ি থানার সাদা পোশাকের পুলিশ অভিযুক্তকে গ্রেপ্তার করে। ধৃতের নাম দেবানন্দ যোশি (৫২)। অভিযুক্ত ব্যক্তি শিলিগুড়ির খালপাড়া ফাঁড়ির গঙ্গানগরের বাসিন্দা বলে জানা গিয়েছে। ধৃতকে বুধবার শিলিগুড়ি মহকুমা আদালতে তুলে হেপাজতে নেওয়ার আবেদন জানাবে পুলিশ। বিষয়টি নিয়ে শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের সহকারী পুলিশ কমিশনার জোন(১) স্বপন সরকার বলেন, 'গোপন সূত্রে খবর পেয়ে জলপাই মোড় এলাকায় অভিযান চালিয়ে অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতকে পুলিশ হেপাজতে নেওয়ার আবেদন জানানো হবে।'

নিন্দায় প্রাক্তনীরা

শিলিগুড়ি, ১৫ সেপ্টেম্বর : ছাত্রীর পরীক্ষার নম্বর বাড়িয়ে দিতে চেয়ে অধ্যাপক অমিতাভ কাঞ্জিলালের টাকা নেওয়ার ঘটনায় এবার কলেজের প্রাক্তনীদের মধ্যে নিন্দার ঝড় উঠেছে। শিলিগুড়ি কলেজের এক প্রাক্তনী চণ্ডীগড় থেকে কলেজে মেল করে অভিযুক্ত অধ্যাপকের শাস্তির দাবি জানিয়েছেন।

এ বিষয়ে শিলিগুড়ি কলেজের অধ্যক্ষ ডঃ সুজিতকুমার ঘোষ বলেন, 'চণ্ডীগড় থেকে একটি মেল এসেছে। তবে নিরাপত্তার স্বার্থে ওই ব্যক্তির মেল–এর বিষয়ে কিছু বলতে পারব না।' কলেজ সূত্রে খবর, ওই ব্যক্তি ১৯৮২ সালের ব্যাচের।

ধর্ষণের চেষ্টা

শিলিগুড়ি, ১৫ সেপ্টেম্বর : নিজের নাবালিকা মেয়েকে ধর্ষণের চেষ্টার অভিযোগ উঠল বাবার বিরুদ্ধে। ঘটনার পর অভিযুক্ত ব্যক্তিকে গ্রেপ্তার করেছে শিলিগুড়ি মহিলা থানার পুলিশ। তিনদিন আগে শিমুলবাড়ি সংলগ্ন একটি চা বাগান এলাকায় হাতি ঢুকে পড়ে। অভিযোগ, সুযোগ বুঝে ওই ব্যক্তি তখন নিজের মেয়েকে ধর্ষণের চেষ্টা করে। ওই নাবালিকা চিৎকার শুরু করলে অভিযুক্ত পালিয়ে যায়। রবিবার মাটিগাড়া থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়।